


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
জনসংখ্যা-২ অধিশাখা

নথি নং-৫৯.০০.০০০০.১১৫.৯৯.০০৬.২০১৫/০৮

তারিখঃ ১৭/০১/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ০৩/১২/২০১৭খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার ৫নং অনুচ্ছেদের সিদ্ধান্ত অনুযায়ী (কপি সংযুক্ত) জেলা পর্যায়ের কমিটির সভায় উপজেলা পর্যায়ের কমিটির কার্যবিবরণী পর্যালোচনা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


১৭/০১/২০১৮

(মোঃ মিজানুর রহমান)

উপসচিব

ফোন-৯৫৪০৮৬৪

e-mail:population2@mefwd.gov.bd

জেলা প্রশাসক (সকল)

.....

অনুলিপিঃ

- ১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
- ৪। অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-১ অধিশাখা।

নং-৫৯.০০.০০০০.১০৪.০৬.০০৫.২০১৭-৬৮৭

তারিখঃ ১৪/১২/২০১৭খ্রি:

বিষয়: ০৩/১২/২০১৭খ্রি: তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব ফয়েজ আহম্মদ
ভারপ্রাপ্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
সভার তারিখ : ০৩/১২/২০১৭খ্রি:
সময় : বিকাল ৪.৩০ ঘটিকা
সভার স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা “পরিশিষ্ট-ক”

০২। সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের বিভিন্ন কার্যক্রম নিয়ে আলোচনা করেন এবং তাঁর সাম্প্রতিক যুক্তরাষ্ট্র সফরকালে বিশ্ব ব্যাংকের সাথে সভার অভিজ্ঞতা বিনিময় করেন। তিনি মাতৃ মৃত্যু হার কমিয়ে আনতে সম্মিলিত প্রয়াস চালানোর আহবান জানান। এ বিভাগের বিভিন্ন কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্র: নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---------|------------------------------|--|---|--|
| ১ | অপারেশনাল প্ল্যান বাস্তবায়ন | অপারেশনাল প্ল্যান বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন Programme Implmentatation Report (PIR) পড়ে সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা হয়। সংশ্লিষ্ট অনুবিভাগ সমূহের মাধ্যমে অপারেশনাল প্ল্যান বাস্তবায়ন মনিটরিং এর বিষয়ে আলোচনা হয়। | ক) PIR এর কপি সকল অনুবিভাগ প্রধানকে প্রদান করতে হবে। খ) অপারেশনাল প্লানের কাজ মনিটরিংয়ের লক্ষ্যে বিভিন্ন অনুবিভাগের মধ্যে দায়িত্ব বন্টন করে দিতে হবে। গ) অপারেশনাল প্লানের লাইন ডাইরেক্টর, প্রোগ্রাম ম্যানেজার, ডেপুটি প্রোগ্রাম ম্যানেজারদের সাথে মন্ত্রণালয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাকে সভা করে বাস্তবায়ন অগ্রগতি মনিটরিং করতে হবে এবং এডিপি রিভিউ সভায় অনুবিভাগ প্রধানদের পত্র দিতে হবে। ঘ) PIR এ যে সকল লাইন ডাইরেক্টর তথ্য দেননি তাদের তালিকা প্রস্তুত করে পত্র দিতে হবে। | ক) উপপ্রধান খ) যুগ্মসচিব (উন্নয়ন) গ) যুগ্মসচিব (উন্নয়ন) ঘ) উপপ্রধান |
| ২ | পুষ্টি | পুষ্টি সংক্রান্ত বিষয়গুলোকে বাস্তবায়ন মনিটরিংয়ের বিষয়ে আলোচনা হয়। | পুষ্টি বিষয়ে কোন কোন OP সরাসরি সম্পৃক্ত, কোনগুলো সহযোগী হিসেবে সম্পৃক্ত তা সনাক্ত করে পুষ্টি বিষয়ে অর্জনকে যথাযথভাবে নির্ণয় করতে হবে। | উপপ্রধান |
| ৩ | মাতৃমৃত্যু হার | সাম্প্রতিক জরিপে মাতৃমৃত্যুহার বৃদ্ধি পাওয়া সংক্রান্ত প্রতিবেদনের বিষয়ে সভায় আলোচনা হয়। মাতৃ মৃত্যুহার কমিয়ে আনার বিষয়ে পদক্ষেপ নেয়ার জন্য আলোচনা হয়। সার্বজনীন স্বাস্থ্য সেবা (UHC) এর অংশ হিসেবে সেবার গুণগত মান উন্নয়নের বিষয়েও আলোচনা হয়। | মাতৃমৃত্যুকালীন সেবার সাথে সরাসরি এবং সহযোগী হিসেবে সম্পৃক্ত ও.পি সমূহ সনাক্ত করে সংশ্লিষ্টদের নিয়ে বিশেষ সভা করে মানোন্নয়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং মাতৃমৃত্যু রোধে সেবার মানোন্নয়ন, দুর্বল স্থানসমূহ চিহ্নিতকরণ ও চ্যালেঞ্জসমূহ উত্তরণের ব্যবস্থা নিতে হবে। | অতিরিক্ত সচিব (প.ক: ও আইন) |

১৫/০৮/১৯
 Ex-Em. HED
 ০১৭১১৪৮২৭৭

| | | | | |
|---|----------------------------------|---|---|---|
| ৪ | মাতৃ ও শিশু স্বাস্থ্য কেন্দ্র | দেশে কতটি মা ও শিশু কল্যাণ কেন্দ্র রয়েছে, নতুন কতটি তৈরী হচ্ছে, সেগুলো কার্যকর আছে কিনা, নতুন ইউনিয়ন/উপজেলায় মা ও শিশু কল্যাণ কেন্দ্র নির্মাণ ও জনবল প্রদানের বিষয়ে আলোচনা হয়। | ক) দেশে বিভিন্ন পর্যায়ে কতটি মা ও শিশু কল্যাণ কেন্দ্র রয়েছে, কতটি নতুন নির্মিত হয়েছে এবং কতটি নির্মাণের প্রক্রিয়ায় রয়েছে তার তথ্য সংগ্রহ করতে হবে। খ) নির্মিত মা ও শিশু কল্যাণ কেন্দ্র সমূহের মধ্যে কতটি পুরোপুরি কার্যকর আছে এবং কতটি কার্যকর নেই তার তথ্য সংগ্রহ করতে হবে। গ) এ বিভাগের কর্মকর্তাগণ মাঠ পর্যায়ে পরিদর্শনকালে এ সকল মা ও শিশু কল্যাণ কেন্দ্র কি অবস্থায় আছে তা সরেজমিনে দেখে রিপোর্ট করবেন। ঘ) নতুন উপজেলা/ইউনিয়নে মা ও শিশু কল্যাণ কেন্দ্র নির্মাণের বিষয়ে তথ্য সংগ্রহ করে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। ঙ) ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্রসমূহ যে সকল কেন্দ্রে জনবল সৃষ্টি করা হয়নি তার তথ্য সংগ্রহ করে জনবল নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক) (জনসংখ্যা-২) খ) উপসচিব (জনসংখ্যা-২) গ) সকল কর্মকর্তা ঘ) উপসচিব (জনসংখ্যা-২) ঙ) যুগ্মসচিব (পার) |
| ৫ | পরিবার পরিকল্পনা সংক্রান্ত কমিটি | উপজেলা, জেলা পর্যায়ে পরিবার পরিকল্পনা সংক্রান্ত কমিটি সমূহ কার্যকর করা এবং কমিটি সমূহে সভার কার্যবিবরণী সমন্বয় ও মনিটরিং এর বিষয়ে আলোচনা হয়। | উপজেলা, জেলা পর্যায়ে পরিবার পরিকল্পনা কমিটিসমূহের কার্যবিবরণীর তালিকা প্রস্তুত করে তা পর্যালোচনা করতে হবে। জেলা পর্যায়ের কমিটির সভায় উপজেলা পর্যায়ের কমিটির কার্যবিবরণী পর্যালোচনা করার জন্য জেলা প্রশাসকগণকে নির্দেশনা দিতে হবে। পরিবার পরিকল্পনা সংক্রান্ত এনজিওদের কার্যক্রম মাঠ পর্যায়ে মনিটরিং করার জন্য পত্র দিতে হবে। | ক) উপসচিব (জনসংখ্যা-১) |
| ৬ | বাজেট ব্যবস্থাপনা | বাজেটে অসংগতি থাকলে দূরীকরণ, অতিরিক্ত অর্থের চাহিদা, নতুন প্রতিষ্ঠান অন্তর্ভুক্তি ইত্যাদি বিষয়ে আলোচনা হয়। | ক) বাজেট ওয়ার্কিং গ্রুপের সভা করে বাজেটে অসংগতি দূরীকরণ, অতিরিক্ত অর্থের চাহিদা, নতুন প্রতিষ্ঠান অন্তর্ভুক্তিকরণ ইত্যাদি বিষয় সুপারিশ করতে হবে। খ) বাজেট বইয়ে যে সকল ডাবল স্টার রয়েছে তা তুলে দিতে অর্থ বিভাগে পত্র দিতে হবে। | যুগ্মসচিব (বাজেট) |



| | | | | |
|---|-------------------------|---|--|--|
| ৭ | নীতিমালা হালনাগাদকরণ | ম্যাটস, আইএইচটি, প্রাইভেট মেডিকেল কলেজ স্থাপন নীতিমালা এবং এগুলোর বাস্তবায়ন কমিটি/গভর্নিং বডির গঠন/কার্যক্রম হালনাগাদ করণের বিষয়ে আলোচনা হয়। এছাড়া নার্সিং কাউন্সিলকে আরও কার্যকর করার বিষয়ে আলোচনা হয়। | ক) ম্যাটস, আইএইচটি, প্রাইভেট মেডিকেল কলেজ স্থাপন নীতিমালা এবং এগুলোর ব্যবস্থাপনা কমিটি/গভর্নিং বডির গঠন/কার্যক্রম বিষয়ক নীতিমালাসমূহ পরীক্ষা নিরীক্ষা করে তা হালনাগাদকরণের উদ্যোগ নিতে হবে। খ) নার্সিং কাউন্সিলের বর্তমান গঠন ও কার্যক্রম পর্যালোচনা করে প্রয়োজনে সংশ্লিষ্ট আইন সংশোধনের উদ্যোগ নিতে হবে। | ক) যুগ্মসচিব (চিপি) খ) যুগ্মসচিব (নার্সিং শিক্ষা) |
| ৮ | অফিস ব্যবস্থাপনা | শাখা/অধিশাখা/অনুবিভাগের কর্মকর্তা অনুপস্থিতিতে দাপ্তরিক কাজ যেন ব্যহত না হয় নিশ্চিতকরণ বিষয়ে আলোচনা হয়। | কোন কর্মকর্তা ছুটিতে থাকলে বা দেশের বাহিরে থাকলে তার ব্যক্তিগত কর্মকর্তা/প্রশাসনিক কর্মকর্তাকে ছুটি দেয়া যাবে না। | সকল কর্মকর্তা |

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

১০/১২/২০১৭

(ফয়েজ আহম্মদ)

ভারপ্রাপ্ত সচিব


স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

নং-৫৯.০০.০০০০.১০৪.০৬.০০৫.২০১৭-৬৮৭/১(৪০)

তারিখঃ ১৪/১২/২০১৭খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। অতিরিক্ত সচিব (সকল) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ২। যুগ্মসচিব (সকল) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৩। উপসচিব (সকল) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৪। উপপ্রধান, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৬। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৭। সহকারী সচিব/সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৮। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।


(ডা: মো: সারোয়ার বারী)
উপসচিব
ফোন-৯৫৪০৯২২